# মডেল টেস্ট– ৮

## প্রাথমিক বিজ্ঞান

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. শিমুল বাগানে একটি সাপকে ব্যাঙ ধরে খেতে দেখল। সাপ ও ব্যাঙের শক্তি প্রবাহের ধারাবাহিক প্রক্রিয়া কী নামে পরিচিত?
ⓚ খাদ্য জাল ⓐ খাদ্য শৃঙ্খল ⓖ খাদ্যসম্পর্ক ⓓ বাস্তুসংস্থান

২. মিলনদের গ্রামের কৃষকেরা ফসল ফলানো ও বাসস্থান তৈরির জন্য জড় বস্তুর উপর নির্ভর করে। জড় বস্তুটি কী হতে পারে?
ⓚ পানি ⓐ মাটি ⓖ বায়ু ⓓ আলো

৩. কালামদের বাড়ির পাশে জঙ্গালে বিভিন্ন ধরনের পোকামাকড় ও কেঁচো বাস করে। এরা কোন ধরনের জীবের অন্তর্ভুক্ত?
ⓚ মাটির ⓐ পানির ⓖ বনের ⓓ জঙ্গালের

৪. বাংলাদেশ বিশ্বের একটি ঘনবসতিপূর্ণ দেশ। জনসংখ্যা বৃদ্ধির ফলে আমাদের দেশে কী ঘটছে?
ⓚ যাতায়াত ব্যবস্থা উন্নত হচ্ছে
ⓐ খাদ্যের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে
ⓖ পরিবেশের বিভিন্ন উপাদান দূষিত হচ্ছে
ⓓ দেশের উন্নতি সাধিত হচ্ছে

৫. খুলনাগামী চিত্রা এক্সপ্রেস ট্রেনটি কমলাপুর রেলওয়ে স্টেশনের প্লাটফরমের সামনে থামলে যাত্রীরা হাত দিয়ে নাক ঢেকে রাখার চেষ্টা করল। ট্রেনটির কালো ধোঁয়ায় বিদ্যমান বায়ু দূষণকারী গ্যাসটির নাম কী?
ⓚ কার্বন ডাইঅক্সাইড ⓐ আর্গন
ⓖ আয়রন অক্সাইড ⓓ নাইট্রোজেন

৬. সামিদ গ্রামের পুকুরের পানি দিয়ে গোসল করে। এতে সামিদের কী হতে পারে?
ⓚ কানের পর্দা ফেটে যেতে পারে
ⓐ শ্বাস-প্রশ্বাসে বিঘ্ন ঘটতে পারে
ⓖ পানিবাহিত রোগে আক্রান্ত হতে পারে
ⓓ বায়ুবাহিত রোগে আক্রান্ত হতে পারে

৭. কোনো এলাকায় কলেরা ও ডায়রিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এর প্রধান কারণ কী?
ⓚ দূষিত বায়ু ⓐ দূষিত পানি ⓖ আর্সেনিকযুক্ত পানি ⓓ বাসি খাবা

৮. নিচের কোনটি পানি চক্রের প্রবাহচিত্র?
ⓚ পানি→বরফ→বাষ্প→বৃষ্টি ⓐ পানি→বৃষ্টি→বাষ্প→বরফ
ⓖ পানি→বাষ্প→মেঘ→বৃষ্টি ⓓ পানি→মেঘ→বাষ্প→বৃষ্টি

৯. ভূপৃষ্ঠ ও বায়ুমন্ডলে পানির অবস্থার পরিবর্তনের মাধ্যমে পানি চক্র সম্পন্ন হয়। এ চক্রটির সঠিক ধাপ কোনটি বলে তুমি মনে কর?
ⓚ জলীয় বাষ্প → বৃষ্টি → মেঘ
ⓐ মেঘ → বৃষ্টি → জলীয় বাষ্প
ⓖ ভূপৃষ্ঠ → জলীয় বাষ্প → মেঘ → বৃষ্টি → ভূপৃষ্ঠ
ⓓ ভূপৃষ্ঠ → মেঘ → জলীয় বাষ্প → বৃষ্টি → ভূপৃষ্ঠ

১০. পর্বতারোহী মুসা ইব্রাহিম সিলিন্ডার ভর্তি একটি গ্যাস নিয়ে এভারেস্টের চূড়ায় আরোহণ করল। সিলিন্ডারে ভর্তি গ্যাসটি কী হতে পারে?
ⓚ অক্সিজেন ⓐ হাইড্রোজেন
ⓖ নাইট্রোজেন ⓓ কার্বন ডাইঅক্সাইড

http://teachingbd.com

১১. ঢাকার একটি উঁচু দালানে আগুন ধরলে ফায়ার সার্ভিসের কর্মীরা অগ্নিনির্বাপক যন্ত্র থেকে কার্বন ডাইঅক্সাইড গ্যাস ছড়িয়ে দিল। আগুন নেভানোর জন্য এ গ্যাসটির ক্ষেত্রে কোন তথ্যটি সঠিক?
ⓚ আগুন কার্বন ডাইঅক্সাইডকে পুড়িয়ে ফেলে
ⓚ কার্বন ডাইঅক্সাইড ও বায়ুর অক্সিজেন পরস্পরের সাথে মিশে যায়
ⓖ কার্বন ডাইঅক্সাইড আগুনকে উপরে উড়িয়ে দেয়
ⓘ আগুন বায়ুর অক্সিজেনের সংস্পর্শে আসতে পারে না

১২. চিত্রে পালতোলা নৌকা দেখানো হয়েছে। কিসের সাহায্যে এটি চালানো যায়?



ⓚ মোটরের সাহায্যে ⓚ জেনারেটরের সাহায্যে
ⓖ বিদ্যুৎ শক্তির সাহায্যে ⓘ বায়ুপ্রবাহের সাহায্যে

১৩. রিজওয়ানদের বাড়িতে তাপ সঞ্চালনের তিনটি পদ্ধতি প্রতিরোধ করতে পারে এমন একটি যন্ত্র আছে। যন্ত্রটির নাম কী?
ⓚ গাড়ির ইঞ্জিন ⓚ জেনারেটর
ⓖ থার্মোফ্লাস্ক ⓘ থার্মোমিটার

১৪. তানভীর একটি বস্তুকে পরিবহন পদ্ধতিতে তাপ সঞ্চালন করল। বস্তুটি কী হতে পারে?
ⓚ পানি ⓚ বায়ু ⓖ লোহার দণ্ড ⓘ তেল

১৫. মিরাজের শরীরে আমিষের ঘাটতি দেখা দিয়েছে। এজন্য সে কোন কোন খাদ্য গ্রহণ করবে?
ⓚ ডিম, সবজি ও মাংস ⓚ আলু, মাছ ও ডাল
ⓖ মাছ, মাংস ও ডাল ⓘ আপেল, মাংস ও ডিম

১৬. মাসুদ একজন বাড়ন্ত শিশু। তার শারীরিক পরিশ্রম ও খেলাধুলার আগ্রহ কোনটির কারণে কমে যাচ্ছে?
ⓚ ভিটামিন জাতীয় খাবার বেশি খাওয়ার জন্য
ⓚ শর্করা জাতীয় খাবার বেশি খাওয়ার জন্য
ⓖ আমিষ জাতীয় খাবার বেশি খাওয়ার জন্য
ⓘ অতিরিক্ত একই জাতীয় খাবার গ্রহণের ফলে

১৭. সিদ্দিক একজাতীয় খাবার গ্রহণে উৎসাহবোধ করে। তার শরীরে কিরূপ সমস্যা দেখা দেয়?
ⓚ শরীরের বৃদ্ধি কমে যায়
ⓚ লিভার ও কিডনি অকার্যকর হয়ে যায়
ⓖ দেহ ভারী হয়ে যায়
ⓘ দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়

১৮. আসলাম জীবাণুযুক্ত পানি পানের ফলে একটি সংক্রামক রোগে আক্রান্ত হয়েছে। রোগটির নাম কী?
ⓚ ক্যানসার ⓚ ডায়াবেটিস ⓖ জন্ডিস ⓘ উচ্চ রক্তচাপ

১৯. মনোয়ারের সোয়াইন ফ্লু রোগের লক্ষণ দেখা দেওয়ার সাথে সাথে ডাক্তার তাকে বিশ্রাম নেওয়ার পরামর্শ দিল। তার দেহে আক্রান্ত রোগটি কোন ধরনের?
ⓚ ভাইরাসজনিত ⓚ ছত্রাকজনিত
ⓖ ব্যাকটেরিয়াজনিত ⓘ মরণব্যাধি

২০. আরিফ সূর্যোদয়ের সময় চারদিকে ঝলমলে আলো এবং সূর্যাস্তের সময় আকাশে অন্ধকার দেখতে পেল। এতে কিসের পরিবর্তন হয়?
ⓚ দিন-রাতের ⓚ ঋতুর ⓖ আবহাওয়ার ⓘ জলবায়ুর

২১. তপন সাহেব একজন বিজ্ঞানী। তার কাজের লক্ষ্য হলো প্রকৃতির নিয়ম–
ⓚ চ্যালেঞ্জ করা ⓚ মেনে নেওয়া
ⓖ আবিষ্কার করা ⓖ উদ্ভাবন করা

২২. আমিনের বাবার হৃদরোগ ধরা পড়েছে। তার রোগ নির্ণয়ের ক্ষেত্রে কোনটির প্রয়োজন হয়?
ⓚ তথ্য বিকাশ ⓚ তথ্য সংরক্ষণ ⓖ তথ্য সংগ্রহ ⓖ তথ্য বিনিময়

২৩. আজকের দিনে ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস। এটি কিসের প্রকাশ?
ⓚ বায়ুর শুষ্কতা ⓚ শৈত্যপ্রবাহ মাত্রা
ⓖ জলবায়ুর অবস্থা ⓖ আবহাওয়ার অবস্থা

২৪. মুহিত হিমালয় পর্বতের চূড়ায় উঠে দেখতে পেল সেখানে মেঘ দ্বারা আবৃত। পর্বতের চূড়ায় মেঘ সৃষ্টির কারণ কী?
ⓚ সূর্যতাপ ⓚ সাইক্লোন ⓖ পানিপ্রবাহ ⓖ বায়ুপ্রবাহ

২৫. গ্রীষ্মের পড়ন্ত বিকালে মিলনদের গ্রামে হঠাৎ করে ঝড়ো হাওয়া শুরু হলো। সেখানে এরূপ বায়ুপ্রবাহের সৃষ্টি হওয়ার কারণ কী?
ⓚ কুয়াশা ⓚ তাপ ⓖ বৃষ্টি ⓖ ঘূর্ণিঝড়

২৬. রিমনদের গ্রামের লোকজন নির্বিচারে গাছপালা কাটে। এখানকার জলবায়ুর ক্ষেত্রে কোনটি সঠিক?
ⓚ পরিবর্তিত হবে ⓚ অপরিবর্তিত থাকবে
ⓖ জীবজগতের অনুকূল হবে ⓖ বৃষ্টিবহুল হবে

২৭. বাংলাদেশে ম্যানগ্রোভ বন হিসাবে খ্যাত সুন্দরবনে জীববৈচিত্র্য আজ বিলুপ্তপ্রায়। এমন ঘটনার কারণ কী হতে পারে?
ⓚ জৈব জ্বালানি ব্যবহার করা ⓚ বন উজাড় করা
ⓖ জমিতে রাসায়নিক সার ব্যবহার করা ⓖ সৌরশক্তি ব্যবহার করা

২৮. রাসেলদের শহরে নতুন নতুন শিল্পকারখানা স্থাপন করার ফলে সেখানকার বায়ুমণ্ডলে বিষাক্ত গ্যাস ছড়িয়ে পড়ে। কিসের ফলে এ ঘটনাটি ঘটতে পারে?
ⓚ সৌরশক্তি ব্যবহারের ফলে ⓚ প্রাকৃতিক গ্যাস পোড়ানোর ফলে
ⓖ জৈব জ্বালানি পোড়ানোর ফলে ⓖ অধিক হারে বৃক্ষ রোপণ করলে

২৯. সূর্যরশ্মি ব্যবহার করে আশফাকদের এলাকার চেহারা পাল্টে গেছে। কিসের সাহায্যে সৌরশক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা হয়?
ⓚ ব্যাটারি ⓚ গ্যাস জেনারেটর
ⓖ সোলার প্যানেল ⓖ উইন্ডমিল

৩০. মতিন বুড়িগঙ্গা নদীতে পালতোলা নৌকা চালিয়ে ভ্রমণে বের হলো। পাল তুলে নৌকা চালানোর সময় কোন শক্তিকে কাজে লাগানো হয়?
ⓚ যান্ত্রিক শক্তি ⓚ সৌরশক্তি ⓖ তাপ শক্তি ⓖ বায়ু শক্তি

৩১. মনিরদের গ্রামে গাছপালায় ভরপুর। কোন প্রাকৃতিক সম্পদটি গাছপালার খাদ্য উৎপাদনে কাজে লাগে?
ⓚ সূর্যরশ্মি ⓚ চুনাপাথর ⓖ তেল ⓖ কয়লা

৩২. আমাদের দেশে সরকারি হাসপাতালের চিকিৎসা ব্যবস্থায় বেহাল দশা দেখা যায়। কী কারণে চিকিৎসা ব্যবস্থা বেশ প্রতিকূল অবস্থায় পড়ে?
ⓚ নদীনালার আধিক্যের ⓚ বনজঙ্গালের আধিক্যের
ⓖ জনসংখ্যা আধিক্যের ⓖ রাস্তাঘাট আধিক্যের

৩৩. ঢাকা শহরে জনসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। জনসংখ্যা বৃদ্ধির ফলে বাতাসে কোন গ্যাসের পরিমাণ বেড়ে যায়?
ⓚ অক্সিজেন ⓚ নাইট্রোজেন
ⓖ হিলিয়াম ⓖ কার্বন ডাইঅক্সাইড

http://teachingbd.com

৩৪. শামীমদের গ্রামে বিভিন্ন কারণে পানি দূষিত হয়। কোন কারণে পানি দূষণ ঘটে?
ⓚ ডিজেল চালিত যানবাহনের ব্যবহার
ⓚ জমিতে রাসায়নিক সারের ব্যবহার
ⓖ বনভূমি ধ্বংসায়ন
ⓖ লোকালয়ে ইটের ভাটা স্থাপন

৩৫. হাসিবদের বাড়িতে চুলায় কাঠ পুড়িয়ে রান্নাবান্নার কাজ করা হয়। এখানে শক্তির কোন রূপান্তরটি ঘটে?
ⓚ তাপ শক্তি → রাসায়নিক শক্তি ⓚ রাসায়নিক শক্তি → তাপ শক্তি
ⓖ রাসায়নিক শক্তি → আলোক শক্তি ⓖ আলোক শক্তি → তাপ শক্তি

৩৬. এইচআইভি ভাইরাসের সংক্রমণে কোন রোগ হয়?
ⓚ ক্যানসার ⓚ জন্ডিস ⓖ এইডস ⓖ হাম

৩৭. শিল্পবিপ্লবের সময়কালে কোন প্রযুক্তিটির উন্নয়ন সাধিত হয়?
ⓚ চিকিৎসা ⓚ তথ্য ⓖ শিক্ষা ⓖ কৃষি

৩৮. তথ্য সংরক্ষণ প্রযুক্তি কোনটি?
ⓚ রেডিও ⓚ টেলিভিশন ⓖ পেন ড্রাইভ ⓖ মনিটর

৩৯. আবহাওয়া কী ধরনের অবস্থা?
ⓚ দীর্ঘ সময়ের ⓚ অল্প সময়ের
ⓖ চিরস্থায়ী ⓖ অস্থায়ী

৪০. কোনটি অনবায়নযোগ্য জ্বালানি?
ⓚ সৌরশক্তি ⓚ কয়লা ⓖ বায়ুপ্রবাহ ⓖ জৈব জ্বালানি

৪১. খাদ্য শৃঙ্খলের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ⓚ ঘাসফড়িং → তৃণজাতীয় উদ্ভিদ → সাপ → ব্যাঙ
ⓚ ব্যাঙ → ঘাসফড়িং → তৃণজাতীয় উদ্ভিদ → সাপ
ⓖ সাপ → ঘাসফড়িং → তৃণজাতীয় উদ্ভিদ → ব্যাঙ
ⓖ তৃণজাতীয় উদ্ভিদ → ঘাসফড়িং → ব্যাঙ → সাপ

৪২. নিচের কোনটি পরিবেশ দূষণের প্রধান কারণ?
ⓚ পশু ⓚ পাখি ⓖ উদ্ভিদ ⓖ মানুষ

৪৩. পুকুর বা নদীর পানি পানের জন্য পুরোপুরি নিরাপদ হয়—
ⓚ থিতালে ⓚ ফুটিয়ে নিলে
ⓖ অল্প ফিটকিরি মিশালে ⓖ ফুটানোর পর ছেঁকে নিলে

৪৪. কোন গ্যাসটি বিষাক্ত?
ⓚ অক্সিজেন ⓚ কার্বন ডাইঅক্সাইড
ⓖ নাইট্রোজেন ⓖ কার্বন মনোক্সাইড

৪৫. তাপ সঞ্চালনের পদ্ধতি কয়টি?
ⓚ দুটি ⓚ তিনটি ⓖ চারটি ⓖ পাঁচটি

৪৬. নিচের কোনটি খাদ্যে ভেজাল হিসাবে মেশানো হয়?
ⓚ আয়োডিন ⓚ ফরমালিন ⓖ ক্যালসিয়াম ⓖ কার্বোহাইড্রেট

৪৭. বায়ুবাহিত রোগ কোনটি?
ⓚ হাম ⓚ ডায়রিয়া ⓖ কলেরা ⓖ ডায়াবেটিস

৪৮. কোনটি সৌরজগতের বস্তু নয়?
ⓚ পৃথিবী ⓚ ধূমকেতু ⓖ গ্যালাক্সি ⓖ চাঁদ

৪৯. বৈজ্ঞানিক পদ্ধতির কয়টি ধাপ রয়েছে?
ⓚ ৪টি ⓚ ৬টি ⓖ ৮টি ⓖ ১২টি

http://teachingbd.com

৫০. কোনটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অন্তর্ভুক্ত?
ক) বিমান
খ) রেলগাড়ি
গ) কম্পিউটার
ঘ) দালানকোঠা

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) তোমাদের ব্যবহারের জন্য পানি বিশুদ্ধকরণের দুটি উপায় লেখ।
(খ) তোমার শরীরে বায়ুপ্রবাহ এসে লাগলে ঠান্ডা লাগে কেন?
(গ) তোমাদের পূর্বপুরুষের ব্যবহার করা কয়েকটি সরল প্রযুক্তির নাম লেখ।
(ঘ) বায়ুচাপ বলতে তুমি কী বোঝ?
(ঙ) জনসংখ্যার ঘনত্ব বলতে তুমি কী বোঝ?
(চ) উদ্ভিদ কিসের জন্য প্রাণীর উপর নির্ভরশীল?
(ছ) চার ধরনের পরিবেশ দূষণ কী কী?
(জ) মানুষের স্বাস্থ্যের উপর বায়ু দূষণের ক্ষতিকর প্রভাবসমূহ কী?
(ঝ) পরমাণু কী?
(ঞ) ৬টি খাদ্যদল কী কী?
(ট) বায়ুবাহিত রোগ কী?
(ঠ) পৃথিবীর দুই ধরনের গতি কী কী?
(ড) ইন্টারনেট কী?
(ঢ) বৈশ্বিক উষ্ণায়ন কী?
(ণ) মানবসৃষ্ট সম্পদ কী?

৩। **ক, খ, গ, ঘ এবং ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) তোমার টেবিলের উপরে রাখা গাছটি মারা যাচ্ছে। তোমার বন্ধুরা গাছটিকে জানালার পাশে নিয়ে রাখার পরামর্শ দিল। কেন? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫
(খ) মোমিনদের এলাকায় বস্তির পাশে একটি পুকুর আছে। সেখানে কী কারণে পরিবেশ দূষিত হয়? এ ধরনের দূষণের চারটি কারণ উল্লেখ কর। ১ + ৪ = ৫
(গ) ঢাকা শহরে তরুণ-তরুণীদের কৃত্রিম রং ও রাসায়নিক পদার্থ মিশানো খাদ্য গ্রহণের প্রতি আসক্তি বেড়েই চলেছে। কী উদ্দেশ্যে খাবারে কৃত্রিম রং মেশানো হয়? খাবারে দুটি ক্ষতিকর রাসায়নিক পদার্থের ব্যবহার উল্লেখ কর। কৃত্রিম রং ও ক্ষতিকর রাসায়নিক পদার্থ মেশানো খাবার গ্রহণে আমরা কী সমস্যায় পড়তে পারি দুটি বাক্যে লেখ। ১ + ২ + ২ = ৫
(ঘ) এনামের কম্পিউটারে ইন্টারনেট সংযোগ নেওয়ায় সে বেশি সুবিধা ভোগ করে। ইন্টারনেট কী? শিক্ষার্থী হিসাবে এনাম ইন্টারনেটকে কীভাবে কাজে লাগায় চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫
(ঙ) জামানদের ঘরের জানালার কাচ এক ধরনের বালুকণা দিয়ে তৈরি। বালু ও কাচ কোন ধরনের সম্পদ? বালু যে ধরনের সম্পদ তা কয় ভাগে ভাগ করা যায় ও কী কী? এদের মধ্যে তিনটি পার্থক্য লেখ। ১ + ১ + ৩ = ৫
(চ) পরিবেশ দূষণের পাঁচটি ক্ষতিকর প্রভাব লেখ। ১ × ৫ = ৫
(ছ) রিসাইকেল প্রক্রিয়া কীভাবে বায়ু দূষণ কমাতে পারে? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫
(জ) মহাবিশ্ব সম্পর্কে তোমার ধারণা পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫
(ঝ) কালবৈশাখী ঝড়ের কারণ পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫
(ঞ) বনভূমি ধ্বংসের ফলে পরিবেশের উপর কী প্রভাব পড়ছে? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

http://teachingbd.com

## মডেল টেস্ট - ৮ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓚ খ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ |
| ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ঘ |
| ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ |
| ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | গ |
| ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | খ |
| ৪১ | ঘ | ৪২ | ঘ | ৪৩ | ঘ | ৪৪ | ঘ | ৪৫ | খ | ৪৬ | খ | ৪৭ | ক | ৪৮ | গ |
| ৪৯ | খ | ৫০ | গ | | | | | | | | | | | | |

২। (ক) আমাদের ব্যবহারের জন্য পানি বিশুদ্ধকরণের দুটি উপায় হচ্ছে ছাঁকন ও থিতানো।

(খ) আমার শরীরে বায়ুপ্রবাহ এসে লাগলে প্রবাহিত বায়ু তাপ শোষণ করে বলে ঠান্ডা লাগে।

(গ) আমাদের পূর্বপুরুষের ব্যবহার করা কয়েকটি সরল প্রযুক্তি হলো পাথরের হাতিয়ার, আগুন, পোশাক, ধাতব যন্ত্রপাতি ইত্যাদি।

(ঘ) বায়ুচাপ বলতে আমি বায়ু তার ওজনের কারণে ভূপৃষ্ঠের উপর যে চাপ প্রয়োগ করে তাকে বুঝি।

(ঙ) জনসংখ্যার ঘনত্ব বলতে আমি প্রতি একক জায়গায় বসবাসরত মোট লোকসংখ্যাকে বুঝি।

(চ) উদ্ভিদ নিজের খাদ্য তৈরি, বৃদ্ধি, পরাগায়ন ও বীজের বিস্তরণের জন্য প্রাণীর উপর নির্ভরশীল।

(ছ) চার ধরনের পরিবেশ দূষণ হলো বায়ু দূষণ, পানি দূষণ, মাটি দূষণ এবং শব্দ দূষণ।

(জ) বায়ু দূষণ মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এর ফলে মানুষ ফুসফুসের ক্যানসার, শ্বাসজনিত রোগ, এলার্জি, মাথাব্যথা, হৃদরোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়।

(ঝ) খালি চোখে দেখা যায় না এমন সূক্ষ্ম কণা দিয়ে পদার্থ গঠিত। পদার্থের এই সূক্ষ্ম কণাই হলো পরমাণু।

(ঞ) খাদ্যদল মোট ছয়টি। এই ছয়টি খাদ্যদল হলো i. খাদ্যশস্য ও আলু (শর্করা), ii. শাকসবজি (ভিটামিন, খনিজ লবণ), iii. ফলমূল (ভিটামিন, খনিজ লবণ), iv. মাছ, মাংস ও ডাল (আমিষ), v. দুগ্ধ জাতীয় খাদ্য (ক্যালসিয়াম, ভিটামিন) এবং vi. তেল ও চর্বি।

(ট) বায়ুবাহিত রোগ হলো সে সকল রোগ যা হাঁচি-কাশি বা কথাবার্তা বলার সময় বায়ুতে জীবাণু ছড়ানোর মাধ্যমে হয়ে থাকে। যেমন– সোয়াইন ফ্লু, হাম, গুটিবসন্ত, যক্ষ্মা, ইনফ্লুয়েঞ্জা ইত্যাদি।

(ঠ) পৃথিবীর দুই ধরনের গতি হলো– (i) আহ্নিক গতি ও (ii) বার্ষিক গতি।

(ড) ইন্টারনেট হচ্ছে পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটারগুলোকে সংযুক্তকারী বিশাল নেটওয়ার্ক, যার মাধ্যমে আমরা সহজেই তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিনিময় করতে পারি।

(ঢ) পৃথিবী ধীরে ধীরে গরম বা উষ্ণ হয়ে যাচ্ছে। পৃথিবীর তাপমাত্রা এভাবে বেড়ে যাওয়াকে বৈশ্বিক উষ্ণায়ন বলে।

(ণ) মানুষের তৈরি সম্পদই হলো মানবসৃষ্ট সম্পদ। কাগজ, প্লাস্টিক, কাচ, বিদ্যুৎ ইত্যাদি মানবসৃষ্ট সম্পদ।

http://teachingbd.com